

8891 - বিবাহ কি দুনিয়াবী কাজ নাকি আখেরাতের কাজ

প্রশ্ন

বিবাহ কি আখেরাতের কাজ; নাকি দুনিয়াবী ও নফসের প্রয়োজনমূলক কাজ?

প্রিয় উত্তর

ব্যক্তি যদি বিয়ের মাধ্যমে ইবাদতের নিয়ত করে যেমন- রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের অনুসরণের নিয়ত করা কিংবা নেক সন্তান লাভের নিয়ত করা কিংবা নিজের চরিত্র, লজ্জাস্থান, চক্ষু, অন্তর ইত্যাদি হেফায়ত করার নিয়ত করা তাহলে এটি আখেরাতের কাজের মধ্যে পড়বে ও এর জন্য ব্যক্তি সওয়াব পাবে। আর যদি এমন কোন নিয়ত না করে তাহলে এটি দুনিয়ার ও নফসের প্রয়োজনমূলক মুবাহ (বৈধ) কাজ। এর জন্য কোন সওয়াবও নেই; গুনাহও নেই। আল্লাহই ভাল জানেন।